মেহেরপুরে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ

করোনা মহামারীর কারণে প্রায় দেড় বছর বন্ধ থাকার পর সারা দেশের ন্যায় মেহেরপুর জেলাতে সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলা হয়েছে। দীর্ঘদিন পর শিক্ষাপ্রতিষ্ঠান খোলার পর মেহেরপুর জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান তাদের নিজ নিজ ব্যবস্থাপনায় শিক্ষা প্রতিষ্ঠান ক্লাস শুরু করেন।

রবিবার সকাল ৭ টার দিকে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় পক্ষ থেকে বিদ্যালয়ের ছাত্রীদের ফুলেল শুভেচ্ছা জানিয়ে অভ্যর্থনা জানানো হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুজ্জামান উপস্থিত থেকে স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ের ছাত্রীদের ক্লাসে স্বাগত জানান।

এ সময় তাদের ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়। সহকারী শিক্ষক কাজী আনিসুজ্জামান, সেকেন্দার আলী সহ বিদ্যালয় অন্যান্য শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুর মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলামের নেতৃত্বে কলেজের শিক্ষকরা ছাত্রীদের ফুল দিয়ে বরণ করে নেন।

সরকারি মহিলা কলেজে বিএনসিসি সদস্যরা কলেজের প্রধান ফটকের সামনে দাঁড়িয়ে ছাত্রীদের তাপমাত্রা মেপে তাদের ফুল দিয়ে বরণ করে নেন।

এছাড়াও মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয়, কবি নজরুল শিক্ষা মঞ্জিল, শহীদ ক্যাপ্টেন আশরাফুল হাফিজ খান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বরণ করে নেন। এসময় বিদ্যালয়ের প্রধান শিক্ষক সহ অন্যান্য ও শিক্ষকগণ সেখানে উপস্থিত ছিলেন।

এ সকল শিক্ষাপ্রতিষ্ঠান দীর্ঘদিন বন্ধ থাকার পর শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেওয়ার ব্যাপারে সরকারী সিদ্ধান্ত গ্রহণ করার পর পরই শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তারা তাদের শিক্ষা প্রতিষ্ঠান পরিষ্কার-পরিচ্ছন্ন করা সহ পাঠদানের পরিবেশ গড়ে তোলে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এক উৎসবমুখর পরিবেশ তৈরী হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]!

[redacted]

নিকটেই দীর্ঘদিন থেকে সড়কের এ বেহাল দশা হয়ে থাকলেও যেন দেখার কেউ নেই।

উপজেলার বাসস্টান্ড হতে রেলগেট ও উপজেলা পরিষদের সামনের খুলনা ঢাকা মহা সড়কটি দেখলে মনে হয় যেন ডোবা কিংবা ছোটোখাটো পুকুর। কয়েক বছর ধরে সংস্কারের অভাবে সড়কটিতে ছোটোবড়ো খানাখন্দ আর গর্তের সৃষ্টি হয়ে যান চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। এছাড়া সড়কের দু’পাশে পানি নিস্কাশনের ব্যবস্থা না থাকায় হালকা বৃষ্টিতেই তলিয়ে যায় প্রায় ১ কিলোমিটার এলাকা। বন্ধের উপক্রম রিকশাভ্যান, ইজিবাইকসহ স্থানীয় ছোট যানবাহনও। বেহাল এই সড়কে প্রায় প্রতিদিনই ঘটছে ছোট-বড় দুর্ঘটনা। ফলে ভোগান্তিতে পড়ছে পথচারীরা।

সড়ক দুটি উপজেলার প্রধান সড়ক। দর্শনা, চুয়াডাঙ্গা, যশোর, ঢাকা সহ বিভিন্ন জেলার মানুষ ও যানবাহন এই পথ ব্যবহার করে যাতায়াত করেন। সড়ক দুইটির প্রায় ১ কিলোমিটার অংশে কার্পেটিং উঠে খানাখন্দ আর ছোটোবড়ো গর্তের সৃষ্টি হয়েছে। এর মধ্যে পৌরসভার নিকটস্থ বিহারী মোড় এলাকায় হালকা বৃষ্টিতেই সড়ক তলিয়ে যায় বৃষ্টির পানিতে তলিয়ে গেছে।

এ বিষয়ে কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলমের সাথে যোগাযোগ করলে তিনি জানান, সড়ক দুইটি সওজের নিয়ন্ত্রিত, তিনি এ দূর্ভোগের বিষয়ে সওজের প্রকৌশলী কে অবহিত করেছেন।

কোটচাঁদপুরে ব্লাড ব্যাংকের প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

কোটচাঁদপুরে ব্লাড ব্যাংকের ৩য় প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বেলা ১১ টায় কোটচাঁদপুর মেইন বাসস্ট্যান্ড সংলগ্ন ব্যারিস্টার প্লাজায় ব্লাড ব্যাংকের ৩য় প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

ব্লাড ব্যাংকের পরিচালক ও সরকারি কে,এম,এইচ কলেজের শিক্ষক আলমগীর

হোসেনের সভাপতিত্বে আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি। বিশেষ অতিথি ছিলেন পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পৌর প্যানেল মেয়র-২ জাহিদ হোসেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন ও জাহেদি ফাউন্ডেশনের নির্বাহী সদস্য কায়ুম শাহরিয়ার জাহেদি হিজন প্রমুখ। সবশেষে একটি বর্ণাঢ্য র্যালি শহর প্রদক্ষিণ করে।

মেহেরপুরে ১ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ১ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১ জন।

শনিবার সন্ধ্যায় মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৫৪ টি। তারমধ্যে ১ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৩২ জন। তার মধ্যে সদরে ৭ জন, গাংনীতে ১৫ জন এবং মুজিবনগরে ১০ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৯ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৮ জন ও মুজিবনগরে ৩৯ জন।

ঝিনাইদহে মেহেরপুর প্রতিদিন পত্রিকার প্রতিনিধি সভা অনুষ্ঠিত

ঝিনাইদহে বহুল প্রচলিত আঞ্চলিক দৈনিক মেহেরপুর প্রতিদিন প্রত্রিকার প্রতিনিধি সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১১টায় ঝিনাইদহ প্রেসক্লাবের হল রুমে এই সভা অনুষ্ঠিত হয়। ঝিনাইদহ জেলার বিভিন্ন উপজেলায় কর্মরত মেহেরপুর প্রতিদিন এর প্রতিনিধিগণ এই সমাবেশে অংশ গ্রহন করে।

পত্রিকার ব্যুরো চিফ কে এম সালেহ’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক ইয়াদুল মমিন, প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন পত্রিকার ব্যবস্থাপনা সম্পাদক মাহবুব চান্দু।

এসময় শুভেচ্ছা বিনিময় করেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু। এছাড়াও বক্তব্য রাখেন ঝিনাইদহ প্রেসক্লাবের আইসিটি বিষয়ক সম্পাদক শাহানুর আলম, ঝিনাইদহ জেলা প্রতিনিধি রাসেল আহম্মেদ, মহেশপুর প্রতিনিধি শফিকুল ইসলাম জুয়েল, হরিণাকুণ্ডু প্রতিনিধি আশরাফুল ইসলাম, তাপস কুণ্ডু, জীবন রহমান প্রমূখ।

আলোচনায় প্রধান অতিথি বলেন পত্রিকার প্রচার এবং প্রসার বাড়াতে বিভিন্ন ধরণের অসংগতি, দূর্নীতি, সামাজিক অবক্ষয়, সফলতা নিয়ে নিউজ করতে হবে। তাহলে মানুষ সাংবাদিক চিনবে এবং পত্রিকার প্রচার বৃদ্ধি পাবে। শুধু একমূখী নিউজ মানুষ আর চাইনা, সকল শ্রেণীর পাঠকের জন্য নানামূখী নিউজ ফিচার তৈরী করতে হবে।

প্রধান অতিথি আরও বলেন সাংবাদিকতা একটি সাহসী পেশা হামলা মামলার ভয় করলে সাংবাদিকতায় সফলতা পাওয়া যাবেনা। সৎ এবং নিষ্ঠাবান থেকে পেশাদারিত্ব বজায় রেখে অন্যায়ের বিরুদ্ধে সংবাদ পরিবেশন করলে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি হলে পত্রিকা তার পাশে থাকবে বলেও তিনি জানান।

শহিদ বীজ ভান্ডার থেকে বীজ নিয়ে প্রতারিত হয়ে ক্ষতিপুরণ পেল ঝিনাইদহের ৭ কৃষক

বীজ ভান্ডারের বিরুদ্ধে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরে অভিযোগ করে ক্ষতিপুরণ পেল ঝিনাইদহের ৭ জন কৃষক। শহরের অগ্নিবীণা সড়কের শহিদ বীজ ভান্ডার থেকে ধানের বীজ কিনে প্রতারিত হওয়ায় তারা এই ক্ষতিপূরণ পান।
ক্ষতিগ্রস্থরা হলেন- হরিণাকুন্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়নের হাকিমপুর গ্রামের কৃষক জনাব আলী, আজিজার মন্ডল, আতিয়ার রহমান, নজির আলী খাঁ, সজল হোসেন, আকাশ মিয়া, লিমন হোসেন।
জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল জানান, শহরের অগ্নিবীণা সড়কের শহিদ বীজ ভান্ডার হতে চলতি মৌসুমে আবাদের জন্য স্বর্ণা ধানের বীজ ক্রয় করেন ওই ৭ কৃষক। বীজতলায় বীজ বপনের পর স্বাভাবিকভাবেই চারা গজায়। কিন্তু বীজতলা হতে চারা তুলে জমিতে রোপন করার কয়েকদিন পর স্বাভাবিক বৃদ্ধির পরিবর্তে চারা হতে শীষ গজাতে শুরু করে। এতে ফলন বিপর্যয়ের আশংকা করে তার। বিষয়টি নিয়ে গত ১৮ আগস্ট জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযোগ করেন তারা। শহিদ বীজ ভান্ডার সিলে স্বর্ণা নামের জাত বলে বিক্রি করে। অভিযোগ পাওয়ার পর বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মতামত গ্রহণ করার পর জাতটি অবৈধ বলে বিবেচিত হয়। পরে অভিযোগ শুনানী ও সত্যতা প্রমাণ পাওয়া যায়।
এসময় ক্ষতিগ্রস্থ কৃষকরা বিঘা প্রতি ৯ হাজার টাকা ক্ষতিপুরণ দাবী করে। পরবর্তীতে অভিযোগ মিমাংসার মাধ্যমে ৭ জন কৃষকের ২৫ বিঘা জমির জন্য ২ লাখ ২৯ হাজার ৫’শ টাকা ক্ষতিপুরণ দেয় ওই প্রতিষ্ঠানটি।

দামুড়হুদা জাতীয় সাংবাদিক ঐক্য ফোরাম পক্ষে ইউএনও দিলারা রহমানের বিদায় সংবর্ধনা

জাতীয় সাংবাদিক ঐক্য ফোরাম দামুড়হুদা উপজেলা শাখার পক্ষ থেকে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানকে অশ্রুসজল চোখে বিদায় সংবর্ধনা দেয়া হয়েছে।

শনিবার বিকাল ৪ টার সময় দামুড়হুদা উপজেলা পরিষদ কার্যালয়ে ক্রেষ্ট প্রদানের মধ্যমে জাতীয় সাংবাদিক ঐক্য ফোরাম দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি আরিফুল ইসলাম মিলনের সভাপতিত্বে ও প্রধান উপদেষ্টা হাবিবুর রহমান হাবীর নেতৃত্বে “এক যায় এক আসে দুনিয়ার রীতি, মানুষ চলে যায় রেখে যায় স্মৃতি” এই স্লোগানকে সামনে রেখে, হাজারো গোলাপ, জুঁই, রজনীগন্ধার পাঁপড়িতে অশ্রু ভেজা নয়নে, ভালবাসায় সিক্ত দামুড়হুদা উপজেলার বিদায়ী নির্বাহী অফিসার দিলারা রহমানকে বিদায় সংবর্ধনা দেয়া হয়েছে।

বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের কর্মময় জীবন নিয়ে আলোকপাত করতে যেয়ে উপস্থিত সাংবাদিকদের মাঝে অশ্রুসজল চোখে আবেগঘন মূহুর্তের বিদায় সংবর্ধনা সকলকেই কাঁদিয়েছে।

উল্লেখ্য দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার হিসাবে এর আগেও অনেকে দায়িত্ব পালন করেছেন, বিদায় নিয়েছেন, আবার নতুনের আবির্ভাব হয়েছে। কিন্তু বিদায়ী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান তাঁর কর্মদক্ষতা, দেশাত্মবোধকতা, মানুষের কল্যাণে নিজেকে বিলিয়ে দিয়ে এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করে গেলেন, যা দামুড়হুদা উপজেলার সকল রাজনৈতিক, সামাজিক সংগঠন সহ সকল শ্রেণীর মানুষের হৃদয়ে স্বর্ণাক্ষরে নাম লিখিয়ে গেলেন, তিনি দেখিয়ে গেলেন একজন প্রশাসনিক কর্মকর্তা (বিসিএস) হয়েও সব শ্রেণীর মানুষের সাথে মিলে মিশে, অসহায়- গরীব- দুঃস্থ, নিপিড়ীত- নির্যাতিত, সমাজের সুবিধাবঞ্চিত মানুষকে কিভাবে আপন করে নিতে হয়।

তিনি দেখিয়ে দিলেন সরকারের উন্নয়ন অগ্রযাত্রাকে কিভাবে সফল করতে হয়। তবে তাঁর এসকল সফল কর্মকান্ডের পেছনে যার মূখ্য অবদান, যার যোগ্য দিকনির্দেশনায় সকল কার্যক্রম সফল করতে সক্ষম হয়েছেন তিনি

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মহোদয়।

তবে দামুড়হুদা উপজেলাবাসী চিরজীবন যার নাম শ্রদ্ধা ভরে স্মরণ করবেন তিনি বিদায়ী দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

এসময় দামুড়হুদা উপজেলার বিদায়ী নির্বাহী অফিসার দিলারা রহমান সকলের দো’য়া ও আশীর্বাদ নিয়ে পদোন্নতি পাওয়া নতুন কর্মস্থলেও যেন সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে পারেন সে কামনা করেছেন।

উক্ত বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন জাতীয় সাংবাদিক ঐক্য ফোরাম দামুড়হুদা উপজেলা শাখা সিনিয়র সহ-সভাপতি মহিদুল ইসলাম, সহ-সভাপতি আলমগীর আহম্মেদ, সাধারন সম্পাদক রাকিবুল হাসান তোতা, রায়হান উদ্দিন রানা, মেহেদী হাসান শাওন, আব্দুর রহমান, জিল্লুর রহমান লিপন, জাহাঙ্গীর আলম মানিক, আনারুল ইসলাম, আলমগীর হোসেন, আরাফাত হোসেন, আসাবুল আলম, নাহিদ হাসান, গোলাম মর্তুজা মিন্টু, হেলাল উদ্দীন, আব্দুল্লাহ, বকুল আহাম্মেদ, মাসাদুর রহমান, সোহাগ শাহ্ সহ বিভিন্ন প্রিন্ট, অনলাইন ও টিভি সাংবাদিক প্রমুখ।

গাংনী উপজেলা মৎস্য অফিসের উদ্যোগে মাছের পোনা অবমুক্ত

মেহেরপুরেরর গাংনীতে ২০২১-২০২২ অর্থ বছরের রাজস্ব খাতের আওতায় বিভিন্ন উন্মুক্ত জলাভুমি ও প্রাতিষ্ঠানিক জলাভুমিতে মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। শনিবার সকালে গাংনীর জোড়পুকুরিয়া জলাভুমিতে মাছের পোনা অবমুক্তরণ অনুষ্ঠানের আয়োজন করে গাংনী উপজেলা মৎস্য অধিদপ্তর।
মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পোনা অবমুক্তকরনের উদ্বোধন করেন। এসময় এমপি পত্নী লাইলা আরজুবান বানু, গাংনী উপজলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মস্তফা, উপজেলা আওয়ামীলীগের

সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাস্টার, গাংনী উপজেলা মৎস্য কর্মকর্তা হোসেন আহাম্মেদ, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা ইকবাল শরিফ,ফিল্ড এসিস্ট্যান্স দেলোয়ার হোসেন উপস্থিত ছিলেন। গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় উন্মুক্ত জলাভুমি ও প্রাতিষ্ঠানিক জলাভুমিতে মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। এসময় বক্তারা অবমুক্তকৃত মাছের পোনা সংরক্ষণ করে খাওয়ার উপযোগী করনে সহযোগীতা আহব্বান জানান সংশ্লিষ্টরা।

দামুড়হুদায় সীমান্ত থেকে ভারতীয় ২২ কেজি রুপার গহনা উদ্ধার

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা সীমান্তে থেকে ২২ কেজি ৬০০ গ্রাম ভারতীয় রুপার গহনা উদ্ধার করেছে বিজিবি । শুক্রবার পৌনে ৮ টার দিকে দামুড়হুদা উপজেলার মন্সিপুর সীমান্তের ৯৩ নং মেইন পিলালের নিকট থেকে এই রুপার গহনা উদ্ধার করা হয়। এ ঘটনায় বিজিবি শনিবার দুপুরে দামুড়হুদা মডেল থানায় অজ্ঞাত ৩ জন চোরাচালানী কে আসামী করে মামলা দায়ের করেছে।
চুয়াডাঙ্গা-৬ ব্যাটালিয়নের অধিনায়ক লে: কর্ণেল মোহাম্মদ খালেকুজ্জামান পিএসসি জানান, শুক্রবার গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা উপজেলার মন্সিপুর সীমান্ত ক্যাম্পের সুবেদার আব্দুল গাফফার সঙ্গীয় ফোর্স সহ ৯৩ নং মেইন পিলালের নিকট টহল দেওয়ার সময় ৩ জন চোরাচালানীকে দেখে চেলেঞ্জ করলে ৩ টি ব্যাগ ফেলে পালিয়ে যায়। পরে ব্যাগ তল্লাশি করে ২২ কেজি ৬০০ গ্রাম ভারতীয় রুপার গহনা উদ্ধার করে। যার আনুমানিক মূল্য ২৯ লক্ষ ৬ হাজার ৩ শত ৭০ টাকা। দামুড়হুদা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল খালেক বলেন এ ঘটনায় তিন জনের বিরুদ্ধে মামলা হয়েছে রুপার গহনা জমা দিয়েছে।